অমর
চিত্র
কথা

নং 350 টা. 4/-

গুরু রবিদাস



Indraindrajal.blogspot.in

অমর চিত্রকথা

সংখ্যা ৩৫০/১ ফেব্রুয়ারি ১৯৮৬

সম্পাদক
অনন্ত পাই
সহযোগী সম্পাদক
কমলা চন্দ্রকান্ত / সুব্বারাও
চিত্র শিল্পী
সৌরেন রায়
তত্ত্বাবধায়ক
গোবিন্দ কোটওয়ানী
প্রকাশক
এইচ. জি. মিরচান্দানী
আই. বি. এইচ পাবলিশার্স
প্রাইভেট লিঃ পক্ষে, মহালক্ষ্মী
চেম্বার্স ২২ ভোলাভাই দেশাই
রোড, বোম্বে ৪০০০২৬ এবং
তৎ-কর্তৃক আই বি এইচ
প্রিন্টার্স, মারোল নাকা,
মথুরাদাস ভীসানজী রোড,
বোম্বে ৪০০০৫৯ থেকে মুদ্রিত

© আই বি এইচ পাবলিশার্স
প্রাঃ লিঃ বোম্বে ৪০০০২৬
কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত।

কথা ও কাহিনী
গায়ত্রীমদন দত্ত
অনুবাদ
নির্মলচন্দ্র দত্ত
বর্ণলিপি
দেবব্রত ঘোষ

একমাত্র পরিবেশক
উচ্চারণ
২/১ শ্যামাচরণ দে স্ট্রীট
কলকাতা ৭০০০৭৩

চিত্রকথা কেনার সময়
নিচের প্রতীকটি দেখে
নিশ্চিত হয়ে নেবেন

অমর চিত্র কথা

গুরু রবিদাস

বারাণসীর কাছে মণ্ডুয়াডিহ গ্রামে এক মুচি পরিবারে জন্ম গুরু রবিদাসের (১৪৫০-১৫৪০ খ্রীঃ)। রইদাস, রোহিদাস, রুইদাস নামেও তিনি পরিচিত।

রবিদাসের জীবন সম্পর্কে নির্ভরযোগ্য-সূত্রে তেমন কিছু জানা যায় না। এই সন্ত কবির যে ঈশ্বর-সাক্ষাৎকার ঘটেছিল, অস্পষ্ট হলেও তার ইঙ্গিত আছে তাঁর অমর পদাবলীতে। শোনা যায় কবীর, নানক, ধন্না ও মীরা ছিলেন তাঁর সমসাময়িক। তরুণ গুরু নানক বৃদ্ধ রবিদাসকে শ্রদ্ধা জানাতে এসেছিলেন।

রবিদাসের দর্শন ছিল সে-সময়কার নানান ধর্মমত ও পথের মিশ্রণ। তাঁর অনুগামীদের তিনি শ্রেণীহীন সমাজ গঠনে সতর্ক থাকতে বলতেন।

পার্থিব আরাম-আয়েসে বীতস্পৃহ রবিদাস কিন্তু পার্থিব কর্তব্যে অবহেলা করতেন না। আর দশজন সাধুসন্তের মত ভিক্ষোপজীবী ছিলেন না তিনি, উদরান্নের সংস্থান করতেন নিজ হাতে জুতো সেলাই করে।

বর্তমান চিত্রকথাটি তাঁরই রচিত পদাবলী অনুসরণে রচিত।

এখন ৩০০-এরও বেশি
অমর চিত্রকথা পাওয়া যায়।

350/BNG



* সূর্য দেবতার অপর নাম।


এবং কিছুদিনের মধ্যেই –
ভগবানের অসীম দয়া, করমাদেবী, ওর মুখমণ্ডল সূর্যের মত উজ্জ্বল।
যেহেতু সূর্যের দিন অর্থাৎ রবিবার + তার জন্ম, তাকে আমরা রবিদাস নামে ডাকব।
শিশু রবিদাস বড় হতে লাগল এবং বাবা রাঘব চামারকে কাজে সাহায্য করতে লাগল।
কিছুদিন পর পর রবিদাস তার আত্মীয় ও বন্ধুদের সঙ্গে নিকটবর্তী বারাণসী শহরে যেত। একদিন–
ওহে শুনছো, ওহে তোমরা চামাররা *

+ রবিবার * মুচি

BNG


আজ আমার দুটো বলদ মারা গেছে, ওগুলো নিয়ে যাও।
আচ্ছা প্রভু! এক্ষুনি!



দাঁড়াও! দাঁড়াও!

তোমরা কি জাত খোয়াবে? সরে যাও। তাড়াতাড়ি ঘরে যাও।

BNG


সেই সময় আর এক চামার এল !
বৎস, আমরা এই বলদগুলো নিচ্ছি। তুমি নগরদ্বারে যাও সেখানে একটি বাছুর মরে আছে। ওটা তোমার নেওয়া সহজ হবে।
রবিদাস, তুমি আমার কথা শুনছ ?
আ... কি ? তুমি কি বললে ?
তোমার কি হয়েছে ?
না- কিছু না।
তাহলে কেউ বাছুরটাকে নেবার আগে নগরদ্বারে ছুটে যাও।
BNG


শীঘ্রই চামাররা তাদের গ্রামে ফিরে যাবার জন্য প্রস্তুত হল।
সরে যাও!
সরে যাও!
সরে যাও
দুম্‌!!
হঠাৎ
শিব - শিব! চামার!

অস্পৃশ্য! এরা মরা পশু নিয়ে আসছে। তোমরা আমায় চেঁচিয়ে সাবধান করলে না কেন।
সাবধান করেছি! আমরা আমাদের কাজ ঠিকই করেছি কিন্তু আপনি শুনতে পান নি।
রবিদাস! কাঁদছো?
কিন্তু, কেন?
রবিদাস, তুমি হলে চামারের ছেলে।
তুমি কি আশা কর? লোকে তোমার কাছে মাথা নোয়াবে?
BNG

তোমার মাথার ওপর ছাতা ধরবে?
হা, হা, হা!
চল, তাড়াতাড়ি!
তাড়াতাড়ি হাসো!
তোমরা হাসছ কি করে যখন এভাবে আমাদের অপমান করছে। আমাদের কি মান-সম্মান নেই?
রবিদাস, তুমি জান না, আমরা কিরূপ মনোকষ্ট পাচ্ছি।
এই যে আমরা হাসছি শুধু মনের ব্যথাটা লাঘব করার জন্য। চোখের জলে তা কমে না... কখনও না!
কিন্তু আমরা কতদিন এ ব্যথাটা হাসিমুখে সহ্য করব?

Indrajal-Comics.blogspot.in

BNG

বৎস, এগিয়ে এসো।
আ: তাহলে তুমি!
স্বামীজী, আমি... আমার সম্বন্ধে ও আমার সৃষ্টিকর্তা ভগবান সম্বন্ধে জানতে চাই।
রবিদাস সবই এক। নিজেকে জানতে পারলে ভগবানকে জানা যায়।
BNG

Indraindrajal.blogspot.in

পরবর্তীকালে রবিদাসের মনে এক পরিবর্তন এল।
চামার! নির্বোধ, তোর কি আস্পর্ধা আমার পথ দিয়ে..
আমার... ..আর...
নিজে যা তাই দেখতে লাগল। তাতে রবিদাস যে চামার তা ভুলে গেল।
BNG

indrajal.blogspot.in


প্রভু, দয়া করে এই পাদুকাগুলো নিন।
বৎস, অবশ্যই নেব।
যখন সে চলে গেল।
রবিদাস বাড়িতে ছুটে গেল এবং—
তারপর সে রমনীর কাছে ফিরে এল।
এই টাকা নিয়ে শিশুটির জন্য দুধ কেনো।
তোমার মঙ্গল হোক।
...এই জুতোগুলো রেখে দাও।

যখন রবিদাস বাড়ি ফিরে এল—
রবিদাস, তুমি কি টাকা ও জুতোগুলো নিয়ে গেছ?
হ্যাঁ, আমি নিয়েছি
সেগুলো কোথায়?
আমি ওগুলো এক গরীব রমনীকে দিয়েছি।
আমাদের উপার্জিত অর্থ এভাবে দিয়ে দেওয়া ঠিক হল?
তুমি ত জান! আমাদের অপর্যাপ্ত কিছু নেই।
মা, ওঁর প্রয়োজন আমাদের চেয়ে বেশী ছিল।
ওর বাবা মা চুপ করে রইল। বলার কিছুই নেই।

8NG


রবিদাস বড় হতে লাগল এবং আগের মত অক্লান্তভাবে পরিশ্রম করতে লাগল। কিন্তু ওর মন অন্যদিকে নিবিষ্ট ছিল।
সে জানত না, বাবা মা ওর জন্য কত উদ্বিগ্ন।
করমা, আর কতদিন খাবার, টাকা ও জুতা ছেলের কাছ থেকে লুকিয়ে রাখব?
ও যেন আমাদের কাছে অপরিচিত। সে কি একদিন সন্ন্যাসী হয়ে যাবে? তাহলে আমি সইতে পারব না।
তোমাকে সহ্য করতেই হবে।
কি!
সদ্‌বংশের একটি মেয়ে আছে।
ওঃ তুমি কি বিয়ের কথা বলছ? ও বিয়ে করলে আমি খুশী হব।

BNG

"Yes, it's me—
in an ad for a white shoe cleaner.

Indraindrajal.blogspot.in

Now, ask me why!"

"19 years ago, I was sent off the field for turning up in dirty white shoes. I learnt my lesson that day—you must first look like a sportsman before you can call yourself a sportsman!

Okay, so maybe there are people who think it isn't important to look like a sportsman. But ask any dedicated sportsman and he'll never tell you that! Because he's as particular about his kit and dress as he is about his game.

That's why, to my mind, if you care for the game, you'll always care about the way you dress for it—down to the last detail.

So, tell me then, can your kit really be complete without a white shoe cleaner? Go on, ask a sportsman!

Be a sportsman... down to your feet!"

CHERRY WHITE CLEANER

indranidatta.blogspot.in

LINTAS(C)/CBWC/31

এবং সে নিজের সংসার নিজে দেখবে।
না, তা না!
সংসারী হলে দায়িত্বশীল হবে।
অথবা ছেলের বোকামির জন্য আমাদের রাস্তায় রাস্তায় ঘুরতে হবে।
না... এটা বোকামি বলো না। এটা হচ্ছে ঔদার্য। ওর মনটা বড় কিনা।
প্রিয়ে, আমি খুব দুঃখিত। আমাদের উপার্জন দিয়ে ওর অন্তর বিচার করা যায় না।
সুতরাং একদিন ভগবতীর সঙ্গে ওর বিয়ে হল...
...এবং আলাদা বাড়িতে বাস করতে লাগল।
BNG


পরদিন রবিদাসের মা ওদের বাড়িতে গেল এবং দূরে দাঁড়িয়ে ছেলে ও বৌকে দেখতে লাগল।
এ বাড়িতে আমাদের প্রথম খাবার তৈরী কর। তুমি এটা স্পর্শ কর। কারণ আজ হচ্ছে শুভদিন।
মনে রেখো, ভগবতী , আজ আমাদের একসঙ্গে খেতে হবে।
আগে তুমি খাবে, তারপর আমি।
তাই যদি হয়, তাহলে একে অন্যকে খাওয়াবে কি করে?
হুম্... বোধহয় ওর বাবা ওকে চিনেছে ভাল।
ঠিক সেইসময়—
অলখ!
অলখ!

অলখ নিরঞ্জন !
ভগবতী, ভগবান আমাদের খুব সহায়। তিনি আমাদের সুযোগ দিয়েছেন খাবারগুলো সদ্ব্যবহার করতে।
কিন্তু... কিন্তু আমাদের প্রথম খাবার।
প্রভু, দয়া করে এ অন্ন গ্রহণ করুন।
ওঃ কবিদাস।


রবিদাস ও ভগবতী ঐ কুঁড়েঘরেই বাস করতে লাগল। ভগবতী লক্ষ্য করল, যতই দিন যাচ্ছে তার স্বামী ততই অন্যমনস্ক হয়ে পড়ছে।
ওর কি হয়েছে?
একদিন ভগবতী বন থেকে জ্বালানী কাঠ নিয়ে ফিরছিল তখন রবিদাসকে গাছের নীচে বসে থাকতে দেখল।
রবিদাসকে অবাক করার জন্য গাছের আড়ালে লুকিয়ে রইল।
আমি তোমার ভালবাসা পাই নি। কেন আমাকে ভুলিয়ে রেখেছ?
হে প্রিয়তম। এই বিরহ দূর করে আমাকে কাছে টেনে নাও ও সুখী কর। তোমায় ছাড়া এক মুহূর্ত যেন এক যুগ মনে হয়।
তিনি ভালবাসেন অন্য রমনীকে...

তুমি হচ্ছ চন্দন, আমি জল। তুমি হচ্ছ মালা, আমি বর্তিকা।
ভগবান, তুমি হচ্ছ সুতো, তারই মধ্যে আমি মণি হয়ে আছি।
ভগবান?
প্রভু! প্রভু! উনি হচ্ছেন! ওঁর কথাগুলো প্রভুর উদ্দেশ্যে!
ভগবতী রবিদাসের কাছে গিয়ে বসল।
তোমার কথাগুলো কত সরল ও সুন্দর। এগুলো শিখে আমি গাইব।
আমি জানি, একদিন এ পৃথিবী এ গান গাইবে।
BNG

এরপর ক্রমাগত রবিদাসের ভগবৎ প্রেম বাড়তে লাগল ...
... যতক্ষণ পর্যন্ত তৃষ্ণা না মিটল।
এবং কে প্রথম এটা লক্ষ্য করল, তারা কি রাঘব, করমাদেবী এবং ভগবতী?
ব্যস, অতীতে আমি...
বাবা, এ কথাগুলো বলে আমাকে লজ্জা দিও না। প্রভুই প্রত্যেকের ভাগ্য নির্ণয় করেন।
BNG

তুমিই এখন আমাদের ছেলে ও গুরু। বল কে ভগবান? যিনি পূজাবেদীতে বসে আছেন তিনি কিনা?
হ্যাঁ তিনিই পূজাবেদীতে
...সুতরাং তিনি এখানেও...
...এবং এখানেও।
যদি তুমি মূর্তিতে ভগবানকে দেখ তাহলে তিনি সর্বত্রই আছেন। ভগবান ও তোমার মাঝে মূর্তি দাঁড়িয়ে আছেন।
ঈশ্বর, আল্লা, ভগবান নামেতে যদি ওঁকে সীমাবদ্ধ রাখ, তাহলে খুব ভুল হবে।

তিনিই সব, তিনিই সর্বেসর্বা। সুতরাং তাঁকে এভাবেই ভাবা উচিত।
...আমি তাঁকে এ নামে...
...যে কোন নামে... উনিই ভগবান।
রবিদাসের খ্যাতি যতই বাড়তে লাগল বৃদ্ধ, যুবা জাতি ধর্ম নির্বিশেষে সবাই আসতে লাগল তাঁর উপদেশ নেবার জন্য।
নিজের কাজের জন্য লজ্জা পেয়ো না নিচু জাত ভেবে ভয় পেয়ো না। মাথা উঁচু করে কাজ কর ভগবান ছাড়া কারোর কাছে মাথা নত করো না।


হে প্রভু, তুমি মহান, জাতি ভেদ তোমাকে স্পর্শ করবেনা। কিন্তু...
আমাদের কি হবে? যারা তোমার কাছে পৌঁছতে পারি না।
আমাদের পথ দেখাও। আমাদের নতুন পরিচয় দাও।
নতুন পরিচয়? আচ্ছা, তা আমি দেবো।

BNG

যখন যুবকটি মুনির কাছ থেকে ফিরল, সে প্রতি পদক্ষেপে শিহরন অনুভব করল।
দেখ, কে আসছে... সে কাউকে চেয়ে দেখে না...
... এবং যদিও দেখে তক্ষুনি লজ্জাবতী বৌ-এর মত চোখ নত করে
লজ্জাবতী বৌ কেন? আমাদের সেই মুষিকটি এ পথে আসছে না!
হেঃ, তোমার হঠাৎ কি হল যে সিংহের মত হাঁটছ?
আত্মগর্বে যুবকটির চোখ জ্বল জ্বল করছে।
আমি এখন রবিদাসী।
রবিদাসী — এ পরিচয়ই তিনি তাঁর শিষ্যদের দিয়েছেন।



* গায়ত্রী মন্ত্র (সূর্য দেবতাকে প্রণাম)

গুরুদেব, ঐ লোকটির কোন সহানুভূতি নেই।
এমনকি সে ভগবানকেও জানে না।
যদি ভগবানে অস্তিত্ব স্বীকার না করে তাহলে প্রার্থনা করা ধ্যান করা বৃথা।
যাঁর এক কেশে কোটি কোটি সূর্যের অস্তিত্ব তাঁর কাছে দীপাবলি উৎসব ও অগ্নিপূজা অহেতুক
... যদি আমরা সবাইকে ভালবাসতে না শিখি? তিনি নিশ্চয়ই আমাদের পূজাকে পছন্দ করবেন।
পরবর্তীকালে গুরু রবিদাসের শিষ্যের সংখ্যা বাড়তেই লাগল।
আমি তোমাকে ফুলের মালা দিয়ে বাঁধতে চাইনা, এমনকি তোমাকে মন্দিরেও আটকে রাখতে চাই না। আমি পাতা ছিঁড়ি না। এমনকি মূর্তি পূজা করি না। আমি তোমাকে ধ্যান করি... ... হে প্রভু...
BNG


রবিদাসের মহত্ত্বের কথা শুনে নানক, সাধনা, সায়না, কবীর প্রভৃতি সাধকরা ওঁর সঙ্গে দেখা করতে এলেন।
এবং কাশীর রাজা হরদেব সিং এবং দিল্লীর সিকন্দর লোধী শ্রদ্ধা নিবেদন করলেন।
একদিন দরজায় টোকা পড়ল।
কে? ভেতরে এস।
দরজা খুলে একজন ধীরে ধীরে ঢুকলো।
আমি মীরা।
তোমার কথা শুনেছি, ভেতরে এস।
রোগমুক্ত হওয়ার জন্য আমাকে আপনার কাছে পাঠিয়েছে। পতিপ্রেম আমাকে পাগল করেছে।
হ্যাঁ, আমি এক মুহূর্ত ও পতি ছাড়া থাকতে পারি না।


মীরা, ভগবানের সঙ্গে একাত্ম হলে বিরহের প্রশ্নই আসে না
নদীর মত তুমি মহাসাগরে বিলীন হয়ে যাবে।
ভগবান ও ভক্তরা তখন একাত্ম।
সুতরাং, দুটো হবে কি করে?
দিনের পর দিন গুরু রবিদাস মীরাকে এভাবে বোঝাতে লাগলেন। মীরা একদিন মূর্তি সরিয়ে রাখলেন।

BNG



* গান (বানী অর্থাৎ সব)

indrajal.blogspot.in

NP

Dubbleyum

PRESENTS

A NEW WORLD OF LOVE & ADVENTURE
FUN & FROLIC!

Look for the LUCKY COUPON in

NP
Dubbleyum
Packet

COLLECT

One latest comic book
for **12** lucky coupons
or
The latest edition of
Enid Blyton or
Mills & Boon novel
for **30** lucky
coupons

DOUBLE COLOURS
DOUBLE FLAVOURS
DOUBLE SIZE AND
BIGGER BUBBLES

NP
Dubble yum
SOFT & JUICY
BUBBLE GUM

The National Products
BANGALORE-32

NOTHING CAN BEAT A NP BURST OF FROLIC

Indrajal-raja.blogspot.in

MICKEY MOUSE
AND HIS
Disneyland®
FRIENDS
Luxor®
© WALT DISNEY PRODUCTIONS USA
BRINGS THEM TO INDIA TO BE YOUR FRIENDS
Welcome Bambino to your desk.
Make Mickey Mouse your playmate.
Go gay with Snow White.
Enjoy the colour mastery of
Ring Master. And
Merlin's Magic trick colours.
MICKEY MOUSE COLOURS
SNOW WHITE COLOUR SET
MERLIN MAGIC TRICK COLOURS
RING MASTER COLOUR SET
BAMBINO COLOUR SET
Luxor® Disneyland®
Range of colour pens